

বগুড়ায় ০২ টি পিস্তল ও ১০ বোতল ফেন্সিডিলসহ দুইজন গ্রেফতার



গোপন সংবাদের ভিত্তিতে গত ২৮/০৪/১৭ তাং জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, বগুড়া এর উপ-পরিচালক জনাব পরিতোষ কুমার কুন্ডু-এর নেতৃত্বে 'ক' সার্কেল উপ-পরিদর্শক মোঃ সিরাজুল ইসলাম, সিপাই মোঃ আশরাফুজ্জামান, মোঃ সহিদুল ইসলাম ও মোহাঃ মামুনুল ইসলাম সিকদার এবং গাড়ীচালক মোঃ সাইফুল ইসলামসহ একটি

অভিযানকারী দল ১৬.৩০ ঘটিকায় বগুড়া সদর থানাধীন বাঘোপাড়া নামক স্থানে রংপুর- বগুড়া মহাসড়ক এর উপর অবস্থান নেয়। মহাসড়কের উত্তর দিক হতে বগুড়া অভিমুখে TVS - 150 APACHE RTR- সাদা রং এর একটি মটর সাইকেল উক্ত স্থানে আসিলে উহার গতিরোধ করে থামানো হয় এবং যাত্রীদ্বয়ের দেহ তল্লাশী করে কোমরে গোঁজা অবস্থায় কোডিন মিশ্রিত ফেন্সিডিল ১০ (দশ) বোতল, ০২ টি বিদেশী অত্যাধুনিক পিস্তল, ০৪ টি ম্যাগজিন, ০৭ রাউন্ড গুলিসহ আসামী (১) মোঃ বারিক (৩৪), পিতা-মোঃ লোকমান মোল্লা, সাং-বানাইল, থানা- শিবগঞ্জ, জেলা- বগুড়া ও (২) মোঃ রিফাত আহম্মেদ (২৪), পিতা- মোঃ শাহজাহান আলম, সাং- ধরন্দা, থানা- হাকিমপুর, জেলা- দিনাজপুরদ্বয়কে গ্রেফতার করা হয়। উক্ত দুই জন আসামীর বিরুদ্ধে বগুড়া সদর থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ও অস্ত্র আইন-এ দুটি মামলা দায়ের করা হয়েছে।